দৈনিক ইত্তেফাক

তারিখ 5 JUL 1987
পৃষ্ঠা ... কলাম 2

# 'শিক্ষাঙ্গনে শান্তি বজায় রাখিতে সরকার দৃঢ় সংকল্প'

শিক্ষাঙ্গনকে অস্ত্রমুক্ত করা সম্পর্কিত সংসদীয় কমিটির সদস্যরা গতকাল (শনিবার) এক সভায় মিলিত হইয়া বিশ্ববিদ্যালয়সহ দেশের শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## শিক্ষাঙ্গনে শান্তি বজায়

(১ম পৃঃ পর)

অবস্থা পর্যালোচনা করেন। সংসদ ভবনের কমিটি রুমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিযুক্ত উপ-প্রধানমন্ত্রী অধ্যাপক এম এ মতিনের সভাপতিত্বে বৈঠকে শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান, সংসদের হুইপ এস এম কায়সার, শিক্ষা উপমন্ত্রী গোলাম সারোয়ার, বিরোধীদলের চীফ হুইপ আবদুল জলিল, সৈয়দ আলতাফ হোসেন এম পি, মোহাম্মদ আইনুদ্দিন এমপি, তোফায়েল আহমেদ এমপি, মুজিবুর রহমান এমপি, মোহাম্মদ ফরহাদ এমপি, মিজানুর রহমান মানু এমপি, মোহাম্মদ আলী এমপি এবং বেগম পারভীন মনোয়ার এমপি আলোচনায় অংশগ্রহণ করেন।

কমিটির সদস্যরা শিক্ষাঙ্গনের শান্তিপূর্ণ পরিবেশের ক্রমাবনতিতে উদ্বেগ প্রকাশ করেন। কমিটির আহ্বায়ক স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, শিক্ষাঙ্গনে শান্তি বজায় রাখিতে সরকার দৃঢ় সংকল্প। কারণ কোন সরকারই জ্ঞানার্জনের পবিত্র অঙ্গনকে অস্ত্রধারী সন্ত্রাসবাদীদের অভয়াশ্রমে পরিণত হইতে দিতে পারে না। —তথ্য বিবরণী।